

সিভিল অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (২য় তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.dgcivil-cagbd.org



নং-৮২.১১.০০০০.০১৪.৯৯.০০৫.২১/০২৪২

তারিখঃ ০৩-১১-২০২১ খ্রিঃ

বরাবর


মহাপরিচালক
আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর
২য়-১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ এ.টি.এম গোলাম ফারুক, উপপরিচালক আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর, ঢাকা।]

বিষয়ঃ প্রধানমন্ত্রীর কার্যালয় (মঞ্জুরী নং-০২), মন্ত্রিপরিষদ বিভাগ (মঞ্জুরী নং-০৩), জনপ্রশাসন মন্ত্রণালয় (মঞ্জুরী নং-০৫), জননিরাপত্তা বিভাগ (মঞ্জুরী নং-১৯) এবং সুরক্ষা সেবা বিভাগ (মঞ্জুরী নং-৫৮) এর বিগত বছরগুলোর পান্ডুলিপিসমূহের (সিএজি কার্যালয় কর্তৃক প্রণীত) অতিরিক্ত কপি/অনুলিপি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ১৯৮৫ সালে হিসাব মহানিয়ন্ত্রকের নিয়ন্ত্রণাধীন অফিসসমূহ অর্থাৎ ১০৩ হেডের অডিটের জন্য সিভিল অডিট অধিদপ্তর সৃজন করে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের অধীনস্থ অফিসসমূহের (সিএও/সিএএফও, ডিসিএ, ডিএও/ডিএএফও এবং ইউএও) নিরীক্ষার দায়িত্ব অর্পণ করা হয়। পরবর্তীতে ২০১৫ সালে সিএজি অফিস কর্তৃক এ অধিদপ্তরের অডিটের আওতা কম বিবেচনায় তৎকালীন স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের ওএডি সেক্টরকে এই কার্যালয়ে আওতাভুক্ত করা হয়। এরপর ২০১৯ সালে অডিট বিভাগের অধিদপ্তরসমূহ পুনর্গঠন করে ১৭টি অধিদপ্তর সৃষ্টি করে সিভিল অডিটের আওতায় শুধুমাত্র মঞ্জুরী ১০৭ রাখা হয়েছে। পুনর্গঠনের আগ পর্যন্ত সিভিল অডিট অধিদপ্তরের অবস্থান ছিল অডিট কমপ্লেক্সের ৪র্থ ও ৫ম তলায়। পুনর্গঠনের পরে ৪র্থ তলায় স্বাস্থ্য অডিট অধিদপ্তর বরাদ্দ দেয়া এবং সিভিল অডিটের আওতাভুক্ত অফিসসমূহের যাবতীয় রেকর্ডপত্র স্বাস্থ্য অডিট অধিদপ্তর থেকে পুনর্গঠিত অধিদপ্তরসমূহকে প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় মঞ্জুরী ১০৭ সংশ্লিষ্ট রেকর্ডপত্র অডিট কমপ্লেক্সের ২য় তলায় নবসৃষ্ট আর্থিক ও উপযোজন হিসাব অডিট অধিদপ্তরে হস্তান্তর করা হয়। পরবর্তীতে আর্থিক ও উপযোজন হিসাব অডিট অধিদপ্তর এর নাম পরিবর্তন করে সিভিল অডিট অধিদপ্তর করা হয়েছে। সেকারণে পূর্বতন সিভিল অডিট অধিদপ্তর এবং নবসৃষ্ট সিভিল অডিট অধিদপ্তর নাম এক হলেও এর অডিটি অফিসসমূহ এক নয় এবং বিষয়োল্লিখিত মঞ্জুরীসমূহ বর্তমান সিভিল অডিট এর আওতায় নয়। সে কারণে শুধুমাত্র মঞ্জুরী-০৭ এর নথিপত্র এ কার্যালয় কর্তৃক সংগ্রহ করে সংরক্ষণ করা হয়েছে। অন্য কোন অধিদপ্তরের রেকর্ডপত্র এ কার্যালয়ে নেই।

কাজেই চাহিত বিষয়োল্লিখিত মঞ্জুরীসমূহের পান্ডুলিপির কোন কপি এ কার্যালয়ে মজুদ না থাকায় সরবরাহ করা সম্ভব হলো না।



(মোঃ সিদ্দিকুর রহমান)
উপপরিচালক
ফোনঃ ৮৩৯১৩০৫